জীবননগর সীমান্ত ইউনিয়ন আ.লীগের বর্ধিত সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়ন আওয়ামী লীগের বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার বিকেলে সীমান্ত ইউনিয়নের যাদুবপুর সরকারি প্রাথামিক বিদ্যালয়ে এই সভা অনুষ্ঠিত হয়।

সীমান্ত ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মালেক মোল্লার সভাপতিত্বে বর্ধিত সভায় প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর।

সভায় বিশেষ অতিথির বক্তব্য দেন জীবননগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি নজরুল ইসলাম, সাধারণ সম্পাদক আবু মো. আব্দুল লতিফ অমল, উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি গোলাম মোর্তুজা,জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান,দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ইসা, সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও ইউনিয়ন যুবলীগের সভাপতি ইসাবুল ইসলাম মিল্টন প্রমুখ।

সভায় বক্তারা এলাকার বিভিন্ন উন্নয়নমূলক কাজ করায় সংসদ সদস্য আলী আজগার টগরের প্রশাংসা করেন। তাঁরা এলাকার বেহাল সড়কগুলো সংস্কারের দাবি জানান।

প্রধান অতিথির বক্তব্যে সংসদ সদস্য আলী আজগার টগর বলেন, এলাকার বেহাল সড়কগুলো সংস্কারের জন্য কথা দেন।এবং তিনি আওয়ামী লীগ সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ড এলাকার সাধারন জনগনের মধ্যে তুলে ধরেন।

উক্ত অনুষ্ঠানটি সাবিক পরিচালনা করেন সীমান্ত ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক সেকেন্দার আলী।